প্রশিক্ষণের সময়
সকাল ৯ টা থেকে দুপুর ২ টা

প্রশিক্ষণ ভেন্যু
প্রশিক্ষণসমূহ ঢাকায় এস এম ই ফাউন্ডেশন কার্যালয়ে এবং ঢাকার বাইরে বিভিন্ন জেলায় আইসিটি ডিভিশনের সহায়তায় (উদ্যোক্তাদের চাহিদা অনুসারে) আয়োজন করা হয়।

প্রশিক্ষণে অংশগ্রহণ প্রক্রিয়া
- এস এম ই ফাউন্ডেশনের কার্যালয়/ ওয়েব সাইট (hrd.smef.org.bd) হতে প্রশিক্ষণের আবেদনপত্র সংগ্রহ করা
- প্রশিক্ষণ আবেদনপত্রের চাহিদা মোতাবেক সকল তথ্য প্রদানসহ নিম্নে উল্লিখিত কাগজপত্রসহ আবেদনপত্র এস এম ই ফাউন্ডেশনের কার্যালয়ে জমা প্রদান-
  - ট্রেড লাইসেন্স-এর ফটোকপি
  - প্রতিষ্ঠান হতে মনোনয়নের প্রয়োজনীয় কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- ফাউন্ডেশন হতে প্রশিক্ষণে নির্বাচিত করার উদ্দেশ্য প্রশিক্ষণার্থীদের সাথে যোগাযোগ ও সাক্ষাৎকার করা হতে পারে
- ফাউন্ডেশন কর্তৃক নির্বাচিত প্রশিক্ষণার্থীকে অবহিত করা এবং নির্ধারিত ফি প্রদানপূর্বক প্রশিক্ষণে অংশগ্রহণ
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারী প্রশিক্ষণার্থীকে ফাউন্ডেশন হতে সনদপত্র প্রদান করা হবে

শুধুমাত্র প্রশিক্ষণে নির্বাচিত অংশগ্রহণকারীগণ এস এম ই ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট অ্যাকাউন্ট নং- ০১৭৭৫৯০৮৮০৬ এ অথবা বিকাশ অ্যাপসে নিম্নোক্ত QR Code ব্যবহার করে প্রশিক্ষণের রেজিস্ট্রেশন ফি জমা দিতে পারবেন।

বিস্তারিত তথ্যের জন্য এস এম ই ফাউন্ডেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা (০১৮১৭৬০০৯২৮, ০১৯১২৬৯১৩১৭) এর সাথে অথবা ফাউন্ডেশনের কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

এস এম ই ফাউন্ডেশন
শিল্পোন্নত ও উন্নয়নশীল বিশ্বে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ভূমিকা অতীব তাৎপর্যপূর্ণ। বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটেও স্বল্প পুঁজিনির্ভর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সুষ্ঠু শিল্পায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কোন বিকল্প নেই। ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন শিল্পায়নে নারীসহ সকল এস এম ই উদ্যোক্তাদের উৎসাহিত, উদ্বুদ্ধ এবং জাতীয় পর্যায়ে সুসংগঠিতকরণসহ এস এম ই উন্নয়নে কাজ করে যাচ্ছে। তৃণমূল, স্থানীয় এবং জাতীয় পর্যায়ে কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক বৈষম্য দূরীকরণ এবং দারিদ্র্য বিমোচনের মাধ্যমে দেশের সাধারণ জনগোষ্ঠীকে অর্থনৈতিক উন্নয়নের মূল স্রোতধারায় এগিয়ে নেয়া ফাউন্ডেশনের অন্যতম লক্ষ্য।

ভিশন (Vision)
ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের মাধ্যমে অধিক কর্মসংস্থান সৃষ্টি, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন এবং সর্বোপরি দারিদ্র্য বিমোচন।

মিশন (Mission)
মুক্তবাজার অর্থনীতি এবং বিশ্বায়নের বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে বিরাজমান ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়ন ও বিকাশে বহুমুখী কর্মসূচি পরিচালনার মাধ্যমে নিয়মিতভাবে সহায়তা প্রদান।

এস এম ই ফাউন্ডেশনের কার্যক্রম
- সরকার গৃহীত এস এম ই নীতিকৌশল বাস্তবায়নে সহায়তা
- গবেষণা ও পলিসি অ্যাডভোকেসি
- ক্রেডিট এন্ড ফাইনান্সিয়াল সার্ভিসেস
- ক্যাপাসিটি বিল্ডিং ও দক্ষতা উন্নয়ন
- প্রযুক্তি উন্নয়ন ও ব্যবহার
- অ্যাকসেস টু ইনফরমেশন
- নারী-উদ্যোক্তা উন্নয়ন
- বিজনেস সাপোর্ট সার্ভিসেস
- পণ্যের মান উন্নয়ন এবং কোয়ালিটি সার্টিফিকেশনে সহায়তা

এস এম ই ফাউন্ডেশন
এস এম ই ফাউন্ডেশন
৪, পান্থপথ, ঢাকা-১২১৫
৯১০৪১২৪, ৯১৪২৯০৭, ৮১৪২৯৮৩, ৮১৪২৪৬৭
info@smef.org.bd, www.smef.org.bd

এস এম ই ফাউন্ডেশন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের জন্য

ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণ

www.smef.org.bd

ডিজিটাল কমার্স

ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল নেটওয়ার্ক এর মাধ্যমে ডিজিটাল ডিভাইস্ ব্যবহার করে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয়সহ ব্যবসায়িক কার্য সম্পাদন করার প্রক্রিয়াই মূলত ডিজিটাল কমার্স।

দেশের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ ডিজিটাল কমার্স সুবিধা ব্যবহার করে দেশ ও বিদেশে তাঁদের উৎপাদিত পণ্য বা সেবা বিপণন করতে পারেন। পণ্যের কাঁচামাল সংগ্রহ করা হতে শুরু করে বাজারজাতকরণ পর্যন্ত সকল কার্যাবলী ডিজিটাল কমার্স ব্যবহার করে নির্ভুলভাবে করা সম্ভব।

ফাউন্ডেশন আয়োজিত ডিজিটাল কমার্স বিষয়ক কার্যক্রম

এস এম ই ফাউন্ডেশন সরকারের লক্ষ্য **'রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ'** বাস্তবায়নে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা এবং জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা এর আলোকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অনলাইন ব্যবসায় দক্ষতা বৃদ্ধিতে ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম দক্ষতার সাথে নিয়মিতভাবে আয়োজন করে আসছে।

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটাল কমার্স ব্যবসার সাথে পরিচিতিকরণ ও অভ্যস্ত করার লক্ষ্যে ফাউন্ডেশন এ বিষয়ে দেশব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ এ সকল প্রশিক্ষণ হতে ডিজিটাল কমার্সের প্রয়োজনীয়তা ও ব্যবসা প্রসার উপযোগী বিভিন্ন বিষয়াদি সম্পর্কে ব্যবহারিক জ্ঞান অর্জন করতে সক্ষম হচ্ছে।

এস এম ই ফাউন্ডেশন আয়োজিত ডিজিটাল কমার্স বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমটি উদ্যোক্তা অথবা আগ্রহী উদ্যোক্তা প্রতিষ্ঠান হতে মনোনীত কর্মকর্তাগণের জন্য নির্ধারিত।

প্রশিক্ষণের উদ্দেশ্য

- ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ডিজিটাল কমার্স বিষয়ক প্রাথমিক ধারণা প্রদান
- অনলাইন ব্যবসা পরিচালনার বিভিন্ন পদ্ধতি বা কৌশল সম্পর্কে ব্যবহারিক পদ্ধতির ধারণা প্রদান
- দেশ ও বিদেশে পণ্য বাজারজাতকরণ বিষয়ে ধারণা প্রদান
- ক্রেতাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখা বিষয়ে ধারণা প্রদান
- অনলাইনের মাধ্যমে উদ্যোক্তাদের নিজস্ব ব্র্যান্ডের প্রচার করা বিষয়ে ধারণা প্রদান

প্রশিক্ষণ বিষয় ও মেয়াদ

এস এম ই ফাউন্ডেশন ডিজিটাল কমার্স সংশ্লিষ্ট নিম্নোক্ত বিষয়সমূহে প্রশিক্ষণ আয়োজন করে আসছে -

- How to Start Digital Commerce - ০৩ দিন (অর্ধবেলা)
- Social Commerce for SMEs - ০৩ দিন (অর্ধবেলা)
- Digital Marketing for SME Products - ০৫ দিন (অর্ধবেলা)

প্রশিক্ষণের বিষয়

How to Start Digital Commerce বিষয়ক প্রশিক্ষণ

- ডিজিটাল কমার্স এবং এর শ্রেণিভেদ
- ডিজিটাল কমার্স ব্যবহারের সুবিধা
- উদ্যোক্তাদের ডিজিটাল কমার্স ব্যবহারে করণীয় বিষয়ে নির্দেশনা
- ডিজিটাল কমার্সে সাইবার নিরাপত্তায় করণীয়
- ডিজিটাল কমার্সে নৈতিক বিষয়সমূহ

Social Commerce for SMEs বিষয়ক প্রশিক্ষণ

- সোশ্যাল কমার্স ধারণা
- সোশ্যাল মিডিয়ায় পণ্য মার্কেটিং
- ফেসবুক (Facebook) ব্যবহার করে উদ্যোক্তাদের পণ্য বিপণন
- ইউটিউব (YouTube) ব্যবহার করে উদ্যোক্তাদের পণ্য বিপণন

Digital Marketing for SME Products বিষয়ক প্রশিক্ষণ

- ডিজিটাল মার্কেটিং ব্যবহারের প্রয়োজনীয়তা
- ডিজিটাল মার্কেটিং ব্যবহারের বিভিন্ন কৌশল
- ব্যবসায় প্রতিষ্ঠানের অনলাইন মিডিয়ায় উপস্থিতি
- যথাযথভাবে ওয়েবসাইট তৈরি
- ই-মেইলের মাধ্যমে পণ্য মার্কেটিং
- অনলাইন বিজ্ঞাপন
- Google Analytics ব্যবহার পদ্ধতি
- Pay Per Click (PPC) বিজ্ঞাপন
- সার্চ ইঞ্জিনের মাধ্যমে পণ্য মার্কেটিং

প্রশিক্ষণার্থীদের চাহিদা ও বিদ্যমান তথ্য প্রযুক্তি অনুযায়ী প্রতিনিয়ত প্রশিক্ষণের বিষয়বস্তু হালনাগাদ ও উন্নয়ন করা হয়ে থাকে।

প্রশিক্ষণার্থীর যোগ্যতা

- উদ্যোক্তা বা উদ্যোক্তার প্রতিষ্ঠান হতে মনোনীত ব্যক্তি
- ন্যূনতম এস.এস.সি পাস
- কম্পিউটার পরিচালনায় অভ্যস্ত
- প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স
- ইন্টারনেট সম্পর্কে ধারণা
- প্রশিক্ষণার্থীর সক্রিয় ই-মেইল অ্যাড্রেস থাকতে হবে

প্রশিক্ষণ পদ্ধতি

প্রশিক্ষণ পদ্ধতি তাত্ত্বিক ও ব্যবহারিক। প্রশিক্ষণসমূহে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান প্রদানের উপর অধিক গুরুত্বারোপ করা হয়।

বিস্তারিত কোর্স আউটলাইন
http://hrd.smef.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।